

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৩১৩

৩৬/ পানীয় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৩৬/১৩, খাওয়া ও পান করার আদব এবং তার বিধান।

آداب الطعام والشراب وأحكامهما

## আরবী

حديث عُمَرَ بْنِ أَبِي سَلَمَةَ قَالَ: كُنْتُ غُلاَمًا فِي حَجْرِ رَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَكَانَتْ يَدِي تَطِيشُ فِي الصَّحْفَةِ، فَقَالَ لِي رَسُولُ الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا غُلاَمُ سَمِّ اللهَ، وَكَلْ بِيَمِينِكَ، وَكُلْ مِمَّا يَلِيكَ فَمَا زَالَتْ تِلْكَ طِعْمَتِي بَعْدُ

## বাংলা

১৩১৩. 'উমার ইবনু আবু সালামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ছোট ছেলে হিসাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর তত্ত্বাবধানে ছিলাম। খাবার বাসনে আমার হাত ছুটাছুটি করত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ হে বৎস! বিসমিল্লাহ বলে ডান হাতে আহার কর এবং তোমার কাছের থেকে খাও। এরপর থেকে আমি সব সময় এ পদ্ধতিতেই আহার করতাম।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৭০: খাওয়া-খাদ্য, অধ্যায় ২, হাঃ ৫৩৭৬; মুসলিম, পর্ব ৩৬ : পানীয়, অধ্যায় ১৩, হাঃ ২০২২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনু আবৃ সালামাহ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন